

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 05 April, 2025

এজাহারভুক্ত এক আসামিকে গ্রেপ্তার করে পুলিশ। খবর পেয়ে স্থানীয় যুবদলের দুই নেতা মধ্যপ অবস্থায় থানায় গিয়ে ওই আসামিকে ছাড়াতে যান। তাঁরা পুলিশ সদস্যদের সঙ্গে অসদাচরণ ও গালিগালাজ করেন। পরে পুলিশ ওই দুইজনকে গ্রেপ্তার করে। গতকাল শনিবার রাতে মানিকগঞ্জের সিঙ্গাইর থানায় এ ঘটনা ঘটে।

গ্রেপ্তার দুজন হলেন সিঙ্গাইর পৌর যুবদলের সদস্যসচিব শফিকুল ইসলাম ওরফে জীবন (৪৫) ও পৌরসভার ৭ নম্বর ওয়ার্ড যুবদলের সদস্য শফিকুল ইসলাম (২৬)।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, গতকাল একটি মামলায় এজাহারভুক্ত এক আসামিকে গ্রেপ্তার করে সিঙ্গাইর থানার পুলিশ। পরে রাত ৯টার দিকে যুবদলের স্থানীয় ওই দুই নেতা থানায় গিয়ে পুলিশ সদস্যদের আসামি ছাড়াতে বলেন। এ সময় তাঁরা পুলিশ সদস্যদের সঙ্গে অসদাচরণ ও গালিগালাজ করতে থাকেন। পরে পুলিশ মধ্যপ অবস্থায় তাঁদের আটক করে। পরে তাঁদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়।

সিঙ্গাইর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জে ও এম তৌফিক আজম বলেন, মধ্যপ অবস্থায় ওই দুই ব্যক্তি থানায় আসেন। এরপর তাঁরা এজাহারভুক্ত গ্রেপ্তার এক আসামিকে ছাড়াতে বলেন। এ সময় পুলিশ সদস্যদের গালিগালাজ করেন। এ ঘটনায় গতকাল রাতেই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও পুলিশের সঙ্গে অসদাচরণের অভিযোগে তাঁদের বিরুদ্ধে থানায় মামলা হয়েছে। আজ রোববার দুপুরে ওই দুজনকে আদালতে পাঠানো হবে।

এ ব্যাপারে জেলা যুবদলের আহ্বায়ক কাজী মোস্তাক হোসেন বলেন, বিষয়টি তিনি জেনেছেন। দলের পক্ষ থেকে ঘটনাটি তদন্ত করা হবে। অভিযোগের সত্যতা পাওয়া গেলে যুবদলের ওই দুই নেতার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। সাংগঠনবিরোধী ও দেশের প্রচলিত আইনবিরোধী কোনো কর্মকাণ্ডে সাংগঠনের কেউ জড়িত থাকলে কাউকে কোনো ছাড় দেওয়া হবে না।

পুলিশ যুবদল অপরাধ মানিকগঞ্জ ঢাকা বিভাগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:25

URL: <https://www.timestodaybd.com/across-the-country/775807351>